গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০২.০০৫.১৭-১৪৬

তারিখঃ ০১ চৈত্র ১৪২৬ / ১৫ মার্চ ২০২০

বিষয়ঃ মাননীয় আদালতে দায়েরকৃত রিট পিটিশন নং-৬৭৩৯/২০১৬ মামলায় গত ২২.০১.২০১৭ তারিখের রায়ের আলোকে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন এ্যাপোলো ইনস্টিটিউট অব কম্পিউটার এর প্রভাষক (ব্যাংকিং) জনাব মো: এমরান এর এপ্রিল/১৬ হতে বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদানের বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণ।

সূত্র: এ্যাপোলো ইনস্টিটিউট অব কম্পিউটার, ময়মনসিংহ এর স্মারক নং- এআইসি/২০২০/১১, তারিখ: ০১.০৩.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন এ্যাপোলো ইন্সটিটিউট অব কম্পিউটার এর এইচ এস সি (বি এম) এর প্রভাষক (ব্যাংকিং) পদে জনাব মো: এমরান কর্তৃক গত ২১.০৮.১৪ তারিখে বর্ণিত প্রতিষ্ঠানে যোগদান করা হয়।

০২। যোগদান পরবর্তীতে জনাব মো: এমরানকে ইনডেক্স নং-১৬২০৩০৫৭ এর মাধ্যমে মার্চ/১৬ মাসে এমপিওভুক্ত করা হয়। পরবর্তীতে অনিবার্যকারণবশত: গত এপ্রিল/১৬ মাসে জনাব মো: এমরান এর বেতন ভাতা (এমপিও) স্থগিত করা হয়।

০৩। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের বর্ণিত প্রভাষক (ব্যাংকিং) কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৭৩৯/২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় ২২.০১.২০১৭ খ্রি. তারিখের রায়/আদেশ নিম্নরূপ:

The impugned decdision of the respondents stopping salary (MPO) of the petitioner is hereby declared to have been passed without lawful authority and as such of no legal effect.

The respondent No. 4 Directior (PIEU), Directorate of Technical Education Board, Sher-E-Bangla Nagar, Dhaka is hereby directed to release government portion of salary, Monthly Pay Order (MPO) of the petitioner with effect from April/2016 along with festival bonuses, if any within 1 (one) month on receipt of this judgment and order without any fail.

০৪। উক্ত মামলার রায়ের (রায় ২২.০১.১৭ তারিখে) এক জায়গায় উল্লেখ রয়েছে "The rule is not opposed by filing any affidavit in opposition" অর্থাৎ উক্ত রিট মামলায় সরকারি স্বার্থ সংরক্ষণে DTE এর পক্ষ হতে কোন প্রকার পদক্ষেপ নেয়া হয়নি।

০৫। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৪২৯০/২০১৮ দায়ের করা হয়। উক্ত আপীল মামলায় গত ১০.০২.২০ তারিখের রায়/আদেশ নিম্নরূপ:

Delay in filing the petition is condoned. Heared the learned Deputy Attorney General appearing for the petitioners and the learned Counsel for the respondents and perused the impugned judgment and order of the High Court Divisiton and the other materials on record. Considering the facts and circumstances fo the case, we find no legal infirmity in the impugned judgment and order factually and legally calling for interference by this Court.

Accordingly, we find no merit in this petition and the same is dismissed.

০৬। মহামান্য হাইকোর্ট এবং সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের আলোকে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য পিটিশনার কর্তৃক সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়েছে।

০৭। রিট পিটিশন নং-৬৭৩৯/১৬ মামলার রায়ের (রায় ২২.০১.১৭ তারিখে) এক জায়গায় উল্লেখ রয়েছে "The respondent No. 4 Directior (PIEU), Directorate of Technical Education Board, Sher-E-Bangla Nagar, Dhaka is hereby directed to release government portion of salary, Monthly Pay Order (MPO) of the petitioner with effect from April/2016 along with festival bonuses, if any" অর্থাৎ Directior (PIEU), DTE কর্তৃক আদালতের নির্দেশনা অনুযায়ী কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করেনি। যার কারণ (আপীল মামলায় সরকার হেরে যাওয়ার পরও) জানা প্রয়োজন।

০৮। উল্লিখিত আবেদনপত্রের বিষয়ে সচিব মহোদয়ের মন্তব্য নিম্নরূপ:
"এ বিষয়ে DG, DTE'র নিকট হতে মতামতসহ প্রতিবেদনসহ উপস্থাপন করুন।"

০৯। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০৮ এর নির্দেশনা (উপরিউক্ত বর্ণনার আলোকে) অনুযায়ী তথ্যাদি আগামী ২৫.০৩.২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

১৫/০৩/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাস্টার কপি/অফিস কপি।

Quddus\F:\Office Work\Letter-2017.docx